

## পড়ার অভ্যাস ছেড়ে দেয়ার ফলে সমাজে অস্থিরতা বেড়েছে- শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন আমরা পড়ার অভ্যাস ভুলে যাচ্ছি যা খুবই হতাশাজনক। নিকট অতীতে ও আমরা দেখতাম গ্রামের অল্প শিক্ষিত গৃহবধূটা একটু সময় পেলেই রবীন্দ্র ও শরতচন্দ্রের একটা বই নিয়ে পড়তে বসে যেত। কিন্তু ধীরে ধীরে আমরা সেই সংস্কৃতি থেকে দূরে সরে যাচ্ছি। আমরা পড়ার অভ্যাস ভুলে যাচ্ছি। আর এই করনে আমাদের সমাজব্যবস্থায় একধরনের অস্থিরতা বিদ্যমান। মানুষের মানবিক বিকাশ হচ্ছে না। আমরা যদি এ পৃথিবীকে ঘুরে না দেখি, আর পড়াশোনা না করি তাহলে মহান স্রষ্টা আমাদের যে সম্ভাবনা দিয়ে তৈরি করেছে তা ব্যর্থ হবে। তিনি আজ সকালে চট্টগ্রামের জেলা পরিষদ মিলনায়তনে "আমার দেখা অস্ট্রেলিয়া মহাদেশ এবং এশিয়া ও ইউরোপের ১৩ টি দেশ" শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচনের সময় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের ভিসি ড. অনুপম সেনে এর সভাপতিত্বে এ অনুষ্ঠানে আর ও উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের উপমন্ত্রী ব্যরিস্টার মহিবুল হাসান চৌধুরী, চট্টগ্রাম জেলা পরিষদের চেয়ারম্যান ও চট্টগ্রাম উত্তর জেলা আওয়ামীলীগের সেক্রেটারি এম এ সালাম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি শিরিন আক্তার প্রমুখ। উপমন্ত্রী বলেন আমরা বিদেশ গিয়ে সাধারণত শপিং করি, আর কিছু ছবি উঠিয়ে ফেইসবুকে পোস্ট করি। আমরা অন্য দেশের অর্থনীতি, রাজনীতি, ভাষা, সংস্কৃতি, আইন আদালত ও যাতায়াত ব্যবস্থা জানার চেষ্টা করি না। তাই আমাদের আমাদের মাঝে সংকীর্ণতা তৈরি হচ্ছে। জানার আগ্রহ ক্ষুদ্র হয়ে যাচ্ছে।

উল্লেখ্য “আমার দেখা অস্ট্রেলিয়া এবং এশিয়া ও ইউরোপের ১৩ টি দেশ” এই ভ্রমণ গ্রন্থের রচয়িতা প্রফেসর কামরুন নাহার বেগম একাধারে একজন এডভোকেট, সমাজ সেবক ও বিশিষ্ট রাজনিতিক এবং, বাংলাদেশ মহিলা আওয়ামীলীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্য। তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকারে তথ্যমন্ত্রী জনাব হাসান মাহমুদের মা। লেখক বলেন দুখী, নির্যাতিত ও নিপীড়িত মানুষের জন্য সারা জীবন কাজ করেছি। আমার এই ভ্রমণ কাহিনীতে বিভিন্ন দেশের আর্থ-সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক দিক তুলে ধরা হয়েছে। আমার লেখা যদি বাংলাদেশের উন্নয়নে কাজে লাগে তাহলে আমার এ পরিশ্রম সার্থক হবে।

মোহাম্মদ আবুল খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল নাম্বার ০১৭১৬০৬৬৮৮৮